



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-২২

০৪ শ্রাবণ ১৪২৮

তারিখঃ

১৯ জুলাই ২০২১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

ঋণ/লিজ/অগ্রিম শ্রেণীকরণ প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে ০৫ জুলাই ২০২১ তারিখে জারিকৃত ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এক্ষণে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বর্ণিত সার্কুলার লেটারের ৩(ক) নং ক্রমিকের অনুচ্ছেদটি নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবেঃ

“ঋণ/লিজ/অগ্রিমের বিপরীতে জুন/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তি সমূহের ন্যূনতম ৫০% (পঞ্চাশ শতাংশ) আর্থিক প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩১ আগস্ট ২০২১ তারিখের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/লিজ/অগ্রিমসমূহ বিরূপমানে শ্রেণীকরণ করা যাবে না। এক্ষেত্রে জুন/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তির অবশিষ্টাংশ সর্বশেষ কিস্তির সাথে প্রদেয় হবে। এছাড়া অন্যান্য কিস্তি যথাসময়ে পরিশোধ করতে হবে।”

৩। এতদ্ব্যতীত উক্ত সার্কুলার লেটারের অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮